لَمْ يَكُنْ فَاحِشًا وَلَا مُتَفَحِّشًا وَلَا صَخَّابًا فِي الْأَسْوَاقِ، وَلَا يَجْزِي بِالسَّيِّئَةِ السَّيِّئَةَ وَلَكِنْ يَعْفُو وَيَصْفَحُ. “রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কখনো অশ্লীল বা অশ্লীলতা লালন -কারী ব্যক্তি ছিলেন না। তিনি বাজারে গিয়ে কখনো হট্টগোল করতেন না। আর মন্দের প্রতিদান মন্দ দ্বারা দিতেন না বরং তিনি ক্ষমা করে দিতেন। ”

আবূ আব্দুল্লাহ আল -জাদালী (রহ.) বলেন, আমি উম্মুল মুমিনীন আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের চরিত্র -মাধুর্য সম্বন্ধে প্রশ্ন করলাম। তিনি বললেন : لَمْ يَكُنْ فَاحِشًا وَلَا مُتَفَحِّشًا وَلَا صَخَّابًا فِي الْأَسْوَاقِ، وَلَا يَجْزِي بِالسَّيِّئَةِ السَّيِّئَةَ وَلَكِنْ يَعْفُو وَيَصْفَحُ. “রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কখনো অশ্লীল বা অশ্লীলতা লালন -কারী ব্যক্তি ছিলেন না। তিনি বাজারে গিয়ে কখনো হট্টগোল করতেন না। আর মন্দের প্রতিদান মন্দ দ্বারা দিতেন না বরং তিনি ক্ষমা করে দিতেন। ”

[সহীহ] [এটি তিরিমিযী ও আহমাদ বর্ণনা করেছেন।]

উম্মুল মুমিনীন আয়েশা (রাদিয়াল্লাহু আনহা) নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)-এর চরিত্র সম্পর্কে জিজ্ঞাসিত হলে তিনি বলেছিলেন : তাঁর স্বভাবে অশ্লীলতা ও কুরুচিপূর্ণ কথা বা কাজ ছিল না। তিনি অশ্লীলতার আশ্রয় নিতেন না বা ইচ্ছাকৃতভাবে তা করতেন না। তিনি বাজারে গিয়ে চিৎকার করে কথা বলতেন না। তিনি কখনও খারাপের জবাবে খারাপ করতেন না; বরং তিনি ভালোর জবাবে ভালো করতেন, ভেতরে ভেতরে অন্তর থেকে ক্ষমা করতেন এবং বাহ্যিকভাবে উপেক্ষা করতেন ও ক্ষমা প্রদর্শন করতেন।

http://sunnah.global/hadeeth/bn/show/10974